তারিখ ৮।৪।৯৫
পৃষ্ঠা ২ কলাম ৭

আজকের কাগজ

27

# আজ থেকে কলেজ শিক্ষকদের লাগাতার কর্মবিরতি শুরু

**কাগজ প্রতিবেদক :** বাংলাদেশ সরকারি কলেজ অধ্যাপক সমিতি ও বাংলাদেশ সরকারি কলেজ প্রভাষক সমিতি আজ থেকে অনির্দিষ্ট কালের কর্মবিরতিতে যাচ্ছে। এর আগে এই দু'সমিতি তাদের দাবি দাওয়া মেনে নেয়ার জন্যে ৬ এপ্রিল পর্যন্ত সরকারকে সময় বেধে দিয়েছিলো। কর্মবিরতির সময়কালে পূর্বঘোষণা অনুযায়ী শিক্ষকরা অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষাসহ জুন -জুলাই মাসের সমস্ত পরীক্ষা বর্জন করবেন।

উল্লেখ্য ৫, ১০, ১২ বছর মেয়াদ উত্তীর্ণ প্রভাষককে যথাক্রমে সহকারী অধ্যাপক, সহকারী অধ্যাপককে সহযোগী অধ্যাপক ও সহযোগী অধ্যাপককে অধ্যাপক পদে পদোন্নতি। পদোন্নয়ন এবং সকল স্তরের শিক্ষকদের পরবর্তী উচ্চতর বেতন স্কেল প্রদান, শতকরা ১০ ভাগ সংরক্ষিত কোটা বাতিল করে এক হাজার শূন্য পদে বিভাগীয় পদোন্নতি প্রদান, ২৪৯টি সরকারি কলেজে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পদ সৃষ্টি, শূন্য পদে দ্রুত শিক্ষক নিয়োগ করে শিক্ষার মানোন্নয়ন, কাগজ ও শিক্ষা উপকরণের মূল্য হ্রাস, ছাত্র ভর্তি, আসন সংখ্যা বৃদ্ধিকরণ, বিজ্ঞানাগারে আধুনিক যন্ত্রপাতি সরবরাহসহ ১২ দফা দাবি বাস্তবায়নের জন্য কলেজ শিক্ষকরা দীর্ঘদিন থেকে সরকারের কাছে দাবি জানিয়ে আসছে। তারা এব্যাপারে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবেরও হস্তক্ষেপ কামনা করেন।